



নিরপেক্ষ নির্বাচনে সর্বাঙ্গিক সহায়তার আশ্বাস ব্রিটিশ হাইকমিশনারের



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক জানিয়েছেন, যুক্তরাজ্য নিরপেক্ষ ভোট আয়োজন ও পোলিং এজেন্টদের প্রশিক্ষণে সহায়তা করবে। পাশাপাশি, ইইউও নির্বাচনে পর্যবেক্ষক পাঠানোর পরিকল্পনা করেছে।

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করেছেন ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। সোমবার (২৯ সেপ্টেম্বর) নির্বাচন কমিশন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে আলোচনার পর তিনি জানান, যুক্তরাজ্য নিরপেক্ষ ভোট আয়োজন ও পোলিং এজেন্টদের প্রশিক্ষণে সব ধরনের সহায়তা করবে।

সারাহ কুক বলেন, “প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। ফেব্রুয়ারিতে প্রধান উপদেষ্টার নির্বাচনের ঘোষণাকে যুক্তরাজ্য স্বাগত জানিয়েছে।”

এদিকে, ইউরোপীয় ইউনিয়নের প্রাক-নির্বাচনি বিশেষজ্ঞ দলের প্রতিনিধিরা ইসির সিনিয়র সচিব আখতার আহমেদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক শেষে আখতার আহমেদ জানান, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ইইউ ১৫০ জন আন্তর্জাতিক পর্যবেক্ষক পাঠানোর পরিকল্পনা করেছে।

তিনি আরও জানান, তফসিল ঘোষণার পর এসব পর্যবেক্ষকরা ধাপে ধাপে বিভিন্ন দলে ভাগ হয়ে বাংলাদেশে আসবেন এবং নির্বাচনের বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ করবেন।